

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:১

💵 আরবি মূল আয়াত:

وَ الطُّورِ ﴿ ١ ﴾

কসম তূর পর্বতের, — আল-বায়ান

শপথ তুর (পর্বত) এর, _ তাইসিরুল

শপথ তুর পর্বতের, — মুজিবুর রহমান

By the mount — Sahih International

১. শপথ তূর পর্বতের(১),

(১) বলা হয়ে থাকে যে, সুরিয়ানী ভাষায় طور (তুর) এর অর্থ পাহাড়, যাতে লতাপাতা ও বৃক্ষ উদগত হয়। এখানে তুর বলে মাদইয়ানে অবস্থিত তুরে-সিনীন বোঝানো হয়েছে। এই পাহাড়ের উপর মুসা আলাইহিস সালাম আল্লাহ তা'আলার সাথে বাক্যালাপ করেছিলেন। তুরের কসম খাওয়ার দ্বারা মহান আল্লাহ এ পাহাড়টিকে সম্মানিত করেছেন। [ফাতহুল কাদীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১) শপথ ত্বুর (পর্বতের), [1]

[1] كُوْرُ সেই পাহাড়, যেখানে মূসা (আঃ) মহান আল্লাহর সাথে বাক্যালাপ করেছিলেন। এই পাহাড়িটিকে 'ভূরে সাইনা'ও বলা হয়। তার এই বিশেষ মর্যাদার কারণে মহান আল্লাহ তার কসম খেয়েছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4736

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন